



রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ গতকাল বুধবার ঢাকায় নর্থ সাউথ ইউনিভার্সিটির প্রথম সমাবর্তন অনুষ্ঠানে সনদপত্র বিতরণ করেন — ছবি : পিআইডি

নর্থ সাউথ ভার্সিটির প্রথম সমাবর্তন অনুষ্ঠিত

বাসস : রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ দেশের ছাত্র সম্প্রদায়ের প্রতি বিদ্যা, জ্ঞান ও ডিগ্রী অর্জনের পাশাপাশি চরিত্র গঠনের আহবান জানিয়ে বলেছেন, পরিশ্রম ও কষ্ট-সহিষ্ণুতার মাধ্যমে অর্জিত বিদ্যা, জ্ঞান ও বুদ্ধিমত্তা অবশ্যই মঙ্গলকর; কিন্তু তা কিছুতেই চারিত্রিক মহত্বের বিকল্প হতে পারে না। এটা হচ্ছে এমনই এক অন্তর্নিহিত শক্তি যা প্রবল প্রতিকূল পরিবেশেও অপরের সাথে আচরণে মানুষের মহৎ অভিপ্রায় এবং সততাকে দৃঢ়ভাবে ধারণ করে।

রাষ্ট্রপতি সাহাবুদ্দীন গতকাল বুধবার দেশের প্রথম বেসরকারী বিশ্ববিদ্যালয় নর্থ সাউথ ইউনিভার্সিটির প্রথম সমাবর্তন উৎসবে বক্তৃতা করছিলেন। গতকালের সমাবর্তন অনুষ্ঠানে নর্থ সাউথ ইউনিভার্সিটির মোট ছিয়ানব্বই জন ছাত্র বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতির কাছ থেকে সনদপত্র গ্রহণ করেন।

রাষ্ট্রপতি বলেন, ১৯৯২ সালের শেষ পৃষ্ঠায় ১ম কলামে

বেসরকারী বিশ্ববিদ্যালয় আইনের অধীনে বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মূল লক্ষ্যই ছিলো দেশে দক্ষ জনশক্তি সৃষ্টি করা। তিনি বলেন, দেশের বিদ্যমান সরকার নিয়ন্ত্রিত বিশ্ববিদ্যালয়সমূহ দ্বারা দেশের উচ্চ শিক্ষার ক্রমবর্ধমান চাহিদা পূরণ করা সম্ভব নয় বলেই বেসরকারী খাতে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আইন প্রণয়নের প্রয়োজন অনুভূত হয়েছিলো। তিনি বলেন, এর আরও একটি অভিপ্রায় ছিলো উচ্চতর শিক্ষাগ্রহণে অভিল্যমী মেধাবী ছাত্রদের বিদেশ গমনকে নিরুৎসাহিত করা।

রাষ্ট্রপতি বলেন, প্রণীত আইনে বাণিজ্যিক ধরনের বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দ্বারা মুনাফা অর্জন নিষিদ্ধ করা হয়েছিলো এবং সংশ্লিষ্ট সবাইকে এই বলে সতর্ক করে দেয়া হয়েছিলো যে, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনা করতে হলে এর আইনগত শর্তাদি অবশ্যই পূরণ করতে হবে।

সমাবর্তন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সাউদার্ন ইন্ডিয়ান ইউনিভার্সিটির প্রেসিডেন্ট ডঃ এইচ রে ছংস, বিশ্ববিদ্যালয় সমাবর্তন কমিটির চেয়ারম্যান ও প্রোষ্টর ডঃ শওকত হাসান এবং গভর্নর বোর্ডের চেয়ারম্যান এম এ আউয়াল প্রমুখ।